



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।




বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৩/-১৩-০৭-১৬

তারিখ : ১১/১২/২০২৩

এতদ্বারা অত্র কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর), যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) এবং শীতকালীন অবকাশ উপলক্ষ্যে আগামী ১৩/১২/২০২৩ তারিখ বুধবার থেকে ৩১/১২/২০২৩ তারিখ রবিবার পর্যন্ত কলেজের পাঠদান কার্যক্রম স্থগিত থাকবে। সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতীত কলেজ অফিস এবং বিভাগীয় অফিসসমূহ খোলা থাকবে। ভর্তি, ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত সংশ্লিষ্ট সকলকে কলেজে উপস্থিত থেকে স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনক্রমেই কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ দেয়া হলো।

১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে অত্র কলেজ কর্তৃক গৃহীত কর্মসূচিতে সকল সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।


  
১১/১২/২০২৩  
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ  
সরকারি শাহ সুলতান কলেজ  
বগুড়া।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে কপি প্রেরিত হলো :

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. বিভাগীয় প্রধান, সকল, অত্র কলেজ।
৪. আহ্বায়ক, পরিবহন কমিটি।
৫. কলেজ ওয়েবসাইট।
৬. কলেজ নোটিশ বোর্ড।
৭. সংরক্ষণ নথি।

  
১১/১২/২০২৩